

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (کِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ বিপদের মাধ্যমে পরীক্ষা করা হলে সে সময় মেয়েদের মাথার চুল মুন্ডন করা, বা উচ্চ আওয়াজে বিলাপ করা অথবা কাপড ছিঁডে ফেলা নিষেধ

ذِكْنُ الزَّجْرِ عَنْ أَنْ تَحْلِقَ الْمَرْأَةُ أَوْ تَسْلِقَ أَوْ تَضْرِقَ عِنْدَ مُصِيبَةٍ تُمْتَحَنُ بِهَا

আরবী

3141 _ أخبرنا زكريا بن مسلم ـ بفرهاجوج ـ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْجُعْفِيُّ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَوْفٍ عَنْ خَالِدٍ الْأَحْدَبِ عَنْ صَافُواَنَ بْنِ مُحْرِزٍ قَالَ: لَمَّا حَضَرَ أَبُو مُوسَى صَاحُوا عَلَيْهِ فَقَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَيْسَ مِنَّا مَنْ سَلَقَ وَلَا خرق ولا حلق) عَلَيْهِ وَسَلَّمَ: (لَيْسَ مِنَّا مَنْ سَلَقَ وَلَا خرق ولا حلق) الراوي : صَفْوَان بْن مُحْرِزٍ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 13141 خلاصة حكم المحدث: صحيح _ ((الأحكام)) ـ أيضاً ـ: ق.

বাংলা

৩১৪১. সাফওয়ান বিন মুহরিষ থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন আবূ মুসা আশআরী রাদ্বিয়াল্লাহু আনহু মুমূর্ষু অবস্থায় পৌঁছেন, তখন লোকজন চিৎকার করেন। সেসময় আবূ মুসা আশআরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আমাদের অন্তর্ভুক্ত নয়, যে ব্যক্তি উচ্চ আওয়াজে বিলাপ করে, কাপড় ছিঁড়ে ফেলে ও মাথার চুল মুন্ডন করে।"[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৪/২০; মুসনাদ আহমাদ: ৪/৩৯৬; সহীহ মুসলিম: ১০৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে উত্তম বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয়: ৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাফওয়ান ইবনু মুহরিয (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন